10

দৈনিক বাংলা

তারিখ 19 MAR 1991
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি

সরকার প্রতি বছর এসএসসি পরীক্ষার সময় কেন্দ্র ছাড়া দেশের অন্যান্য সব সেকেন্ডারী স্কুল বন্ধ করে দেন। ফলে দেখা যায় পরীক্ষার সময় এই সব স্কুলের অনেক শিক্ষক/ছাত্র এসে পরীক্ষার কেন্দ্রে ভিড় জমায়। যে সব স্কুল এসএসসি পরীক্ষার কেন্দ্র হিসেবে মনোনীত হয় সে সব স্কুল ছাড়া যদি অন্য স্কুলগুলো খোলা রাখা হয় তাহলে আমাদের মনে হয় পরীক্ষায় নকলের সুযোগ বা প্রবণতা অনেকাংশে হ্রাস পাবে। কেন্দ্রবিহনি স্কুলগুলি থেকে দু-একজন শিক্ষক হয়তো পরীক্ষায় নিরীক্ষক নিয়োজিত হতে পারেন। কিন্তু তাই বলে কি আর সব স্কুল বন্ধ করে দিতে হবে? আমরা তাই এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করছি। এবং কেন্দ্র বিহীন স্কুলগুলোর এসএসসি পরীক্ষার সময় খোলা রাখার বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

—সুকান্ত সাহা,
সরিষাবাড়ি টাউন,
জামালপুর-২০৫০।